গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: **IMO Meeting Planner 2024 বাস্তবায়নকল্পে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব শেখ মোঃ শরীফ উদ্দিন এনডিসি<br>অতিরিক্ত সচিব (সংস্থা-১)<br>নৌপরিবহন মন্ত্রণালয়** |
| সভার তারিখ | : | **০৫-০২-২০২৪** |
| সময় | : | **বেলা ১০:৩০ ঘটিকা** |
| স্থান | : | **নৌপরিবহন অধিদপ্তরের সভাকক্ষ, শের এ বাংলা নগর, ঢাকা।** |

**সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।**

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভাপতি সভাকক্ষে এবং ভার্চুয়াল প্লাটফর্মে উপস্থিত সকলের সাথে পরিচিত হন। সভাপতি আলোচনার শুরুতে উল্লেখ করেন বাংলাদেশ অতিসম্প্রতি International Maritime Organization (IMO) কাউন্সিল নির্বাচনে ক্যাটাগরি 'C' তে জয়লাভ করেছে এবং ভবিষ্যতে IMO'য় নির্বাচনে অবস্থান ধরে রাখার জন্য সভায় IMO'র বিভিন্ন কমিটি এবং সাব-কমিটির সভায় বাংলাদেশের কার্যকর অংশগ্রহণ করা প্রয়োজন। সভায় IMO'র ২০২৪ সালের কমিটি ও সাব-কমিটির সভাসমূহ এবং উক্ত সভাসমূহে অংশগ্রহণ নৌপরিবহন অধিদপ্তর এবং অন্যান্য সংস্থা হতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ভূমিকার বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয় এবং এক্ষেত্রে কার্যকর করার পদক্ষেপ নেয়ার উপর গুরুত্বারোপ করেন।

সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.১ | সভাপতি তার বক্তব্যে বলেন IMO'র ৫ (পাঁচ) টি কমিটি এবং ৭ (সাত) টি সাব-কমিটি রয়েছে। এই কমিটি এবং সাব-কমিটি অনুযায়ী কর্মকর্তাদের বিভিন্ন কমিটি এবং সাব-কমিটিতে ভাগ করে দায়িত্ব দেয়া যেতে পারে। তিনি আরও উল্লেখ করেন, সভাসমূহের পূর্বে লন্ডনে অবস্থানরত Maritime Counsellor ( MC) এবং বাংলাদেশে অবস্থানরত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অনলাইন সভার মাধ্যমে দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়সমূহ নিয়ে আলোচনা এবং সেই অনুযায়ী আলোচনা সভায় সক্রিয় অংশগ্রহণ করতে পারে। এক্ষেত্রে একটি WhatsApp গ্রুপ তৈরি এবং এর মাধ্যমে নিজেদের মধ্যে যোগাযোগ রক্ষা করতে পারেন। | প্রতি সভার ন্যূনতম ১৫ (পনের) দিন পূর্বে লন্ডনে নিযুক্ত Maritime Counsellor IMO'র সভায় ডকুমেন্টসমূহ IMODOCS হতে সংগ্রহ করে পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় আলোচ্য বিষয়সমূহের একটি সারসংক্ষেপ তৈরি করবেন এবং দেশে অবস্থিত কমিটির সদস্যদের অবহিত করবেন। Maritime Counsellor এবং উক্ত সভার জন্য দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যবৃন্দ উক্ত বিষয়ে বাংলাদেশের অবস্থান বিবেচনাপূর্বক Maritime Counsellor কে অবহিত করবেন। Maritime Counsellor সেই অনুযায়ী IMO'র সভায় বাংলাদেশের অবস্থান তুলে ধরবেন। এক্ষেত্রে নিজেদের মধ্যে দ্রুত যোগাযোগ বৃদ্ধির |

| | | |
|---|---|---|
| | | লক্ষ্যে কমিটি এবং সাব-কমিটি অনুযায়ী WhatsApp গ্রুপ তৈরি করতে হবে। বাস্তবায়নে নৌপরিবহন অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ১.২ | নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর এম মাকসুদ আলম, IMO'র বিভিন্ন কমিটি এবং উপ-কমিটিতে বাংলাদেশী প্রতিনিধিদের যথাযথ উপস্থিতি এবং বিভিন্ন দেশের সাথে সংশ্লিষ্ট Technical বিষয়ে আলোচনায় সক্রিয় অংশগ্রহণের উপর জোর দেন। তিনি তার বক্তব্যে উল্লেখ করেন অধিদপ্তরের কর্মকর্তারা বিভিন্ন দাপ্তরিক কাজে ব্যস্ত থাকায় এবং লন্ডনের সাথে সময়ের ব্যবধানের কারণে, অধিদপ্তরের কমিটি এবং উপ-কমিটিতে মনোনীত কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণে বিশেষ সমস্যার সম্মুখীন হন। এক্ষেত্রে IMO তে বর্তমানে নিযুক্ত Maritime Counsellor এ ব্যাপারে বিশেষ ভূমিকা রাখতে পারেন। এছাড়া নৌপরিবহন মন্ত্রণালয়, নৌপরিবহন অধিদপ্তর ও লন্ডনে নিযুক্ত Maritime Counsellor এর মধ্যে IMO সংক্রান্ত কার্যক্রমে সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়। নৌপরিবহন অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে সমন্বয়ের অভাব পরিলক্ষিত হয়। এছাড়া IMO'র কমিটি এবং সাব-কমিটির কার্যক্রমসমূহে বস্তুনিষ্ঠ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য ক্যাপ্টেন মঈন উদ্দিন আহমেদের পরামর্শ গ্রহণ করা প্রয়োজন। সভাপতি এ সংক্রান্ত কার্যক্রম আরও দক্ষ এবং কার্যকরভাবে সম্পন্ন করার লক্ষ্যে Standard Operating Procedure (SOP) এবং Framework তৈরি করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি বলেন এর মাধ্যমে IMO-তে বাংলাদেশের ভূমিকা সুস্পষ্ট হবে এবং এ সংক্রান্ত কার্যসমূহ বেগবান ও স্বচ্ছ হবে। | নৌপরিবহন অধিদপ্তর দ্রুত IMO'র বিভিন্ন কার্যক্রমের আওতা এবং নিযুক্ত বিভিন্ন কর্মকর্তাদের দায়িত্ব, কর্তব্য ও কার্যপরিধি উল্লেখপূর্বক একটি খসড়া তৈরি এবং মন্ত্রণালয়ের পর্যালোচনার জন্য পেশ করবে। |
| ১.৩ | IMO'র সভাসমূহ বর্তমানে হাইব্রিড পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। নৌপরিবহন অধিদপ্তরের কর্মকর্তারা IMO'র নির্ধারিত অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে সভায় উপস্থিত থাকেন। অনলাইনে সভায় Intervention এবং সেই সাথে যথাযথ Interaction করা দুরূহ। এ ক্ষেত্রে IMO'র গুরুত্বপূর্ণ সভাসমূহ যেমন: Marine Environment Protection Committee (MEPC), Maritime Safety Committee (MSC), Facilitation Committee (FAL) সভায় সশরীরে উপস্থিত থাকার বিষয়টি বিবেচনায় নিতে হবে। এক্ষেত্রে উপযুক্ত এবং সংশ্লিষ্ট কর্মকর্তার অংশগ্রহণে ধারাবাহিকতার বিষয়টি বিবেচনায় নিতে হবে। | IMO'র গুরুত্বপূর্ণ সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের সশরীরে উপস্থিত থাকার বিষয়টি নৌপরিবহন অধিদপ্তর প্রস্তাবাকারে মন্ত্রণালয়ে প্রেরণ করতে পারে। একইসাথে বাজেট বিবেচনায় কর্মকর্তাদের অংশগ্রহণে বিকল্প পন্থা খুঁজে বের করতে নৌপরিবহন অধিদপ্তর উদ্যোগ গ্রহণ করবে। |
| ১.৪ | IMO সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নিয়মিত ভিত্তিতে সংশ্লিষ্ট পক্ষসমূহের যোগাযোগ রক্ষা করা প্রয়োজন। নৌপরিবহন মন্ত্রণালয়, নৌপরিবহন অধিদপ্তর, Maritime Counsellor সহ প্রতি ৩ মাস অন্তর মাসে একবার একটি পর্যালোচনা সভার আয়োজন করা যেতে পারে। সভায় সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | নৌপরিবহন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের সভাপতিত্বে প্রতি ৩ মাস অন্তর মাসে একবার IMO সংক্রান্ত একটি পর্যালোচনা সভা আয়োজন করবেন। |

| | |
|---|---|
| ১.৫ IMO'র কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নৌপরিবহন অধিদপ্তর সকল ব্যবস্থা গ্রহণ করবে। এ সংক্রান্ত কোন সমস্যা সৃষ্ট হলে নৌপরিবহন মন্ত্রণালয় ও নৌপরিবহন অধিদপ্তর তা সমাধানকল্পে দ্রুত ব্যবস্থা নিবে। | নৌপরিবহন অধিদপ্তর লন্ডনের IMO-তে নিযুক্ত কর্মকর্তাবৃন্দ এবং নৌপরিবহন মন্ত্রণালয় নিজেদের মধ্যে সমন্বয় এবং সহযোগিতার মাধ্যমে কোন সমস্যার উদ্ভব হলে দ্রুত সমাধানের ব্যবস্থা নিবে। |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

স্বাক্ষরিত/-
তারিখ: ১৮/০২/২০২৪
(শেখ মোঃ শরীফ উদ্দিন, এনডিসি)
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
নৌপরিবহন মন্ত্রণালয়

নং- ১৮.০০.০০০০.২৪.২৪.০০১.২২- ৪৫

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪৩০ / ১৯ ফেব্রুয়ারি, ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। চিফ নটিক্যাল সার্ভেয়ার (চঃ দাঃ), নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম।
৫। চিফ ইঞ্জিনিয়ার, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন (চঃ দাঃ), নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮। ক্যাপ্টেন কাজী মোহাম্মদ আহসান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৯। জনাব মোহাম্মদ ওবায়দুল্লাহ ইবনে বশির, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০। জনাব মোঃ আরাফাত হোসেন, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩) যুগ্মসচিব (জাহাজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৯.০২.২৪

(সৈয়দ আলী আহসান)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
ds.ship@mos.gov.bd